

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২২১

তেলিয়ামুড়া, ১৪ ডিসেম্বর, ২০২৩

তেলিয়ামুড়া ব্লকভিত্তিক ফার্মাস লাইভলিহুড মিট
রাজ্যের অর্থনৈতিক বিকাশে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট
ক্ষেত্রগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : কৃষিমন্ত্রী

রাজ্যের অর্থনৈতিক বিকাশে কৃষি ও কৃষি সংশ্লিষ্ট ক্ষেত্রগুলির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তাই সরকার কৃষির বিকাশ ও কৃষকদের কল্যাণে বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। গ্রামীণ মানুষের আর্থসামাজিক মান উন্নয়নে কৃষি ভিত্তিক ক্ষেত্রগুলিতে গুরুত্ব দিয়ে সরকার কাজ করছে। গতকাল তেলিয়ামুড়া ব্লক কার্যালয় প্রাঙ্গণে তেলিয়ামুড়া ব্লকভিত্তিক ফার্মাস লাইভলিহুড মিটের উদ্বোধন করে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী রতনলাল নাথ একথা বলেন। অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সুশাসন শিবিরেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী বলেন, কৃষির বিকাশ ও কৃষকের কল্যাণে কেন্দ্রীয় ও রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়ে কাজ করছে।

অনুষ্ঠানে কৃষি ও কৃষক কল্যাণমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী কিষাণ সম্মাননিধি যোজনায় এখন পর্যন্ত রাজ্যে ২ লক্ষেরও বেশি কৃষক উপকৃত হয়েছেন। তারমধ্যে খোয়াই জেলায় প্রায় ২৩ হাজার কৃষক উপকৃত হয়েছেন। বিগত ৫ বছরে কৃষকদের কাছ থেকে ন্যূনতম সহায়কমূল্যে প্রায় ১ লক্ষ ৭৫ হাজার মেট্রিকটন ধান ক্রয় করা হয়। উপকৃত হয়েছেন প্রায় ৯২ হাজার কৃষক। বর্তমানে ধানের ন্যূনতম সহায়কমূল্যকে বাড়িয়ে ২১ টাকা ৮৩ পয়সা করা হয়েছে। কৃষিমন্ত্রী আরও জানান, বর্তমানে কৃষিকাজের বিভিন্ন প্রয়োজনে ড্রোন প্রযুক্তি চালু করার উদ্যোগ নেওয়া হয়েছে। তাছাড়া গত ৫ বছরে প্রায় ৩ লক্ষ ২৭ হাজার কৃষককে কিষাণ ক্রেডিট কার্ডে ঋণ দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে বিধানসভার সরকারি মুখ্যসচিব বিধায়ক কল্যাণী রায় বলেন, সরকারি বিভিন্ন সুযোগ সুবিধা সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের সূচনা হয়েছে। এই দুই কর্মসূচিতে জনসাধারণকে বিভিন্ন সহায়তা দেওয়া হচ্ছে। শিবিরে অতিথিগণ ১ জনকে পাওয়ারটিলার, ১ জনকে কেসিসি ঋণের শংসাপত্র তুলে দেন। তাছাড়া মৎস্য দপ্তরের পক্ষ থেকে ১ জন সুবিধাভোগীকে আইস বক্স সহ অটো তুলে দেওয়া হয়। উজ্জ্বলা যোজনায় ৩৫ জনকে বিনামূল্যের গ্যাসের সংযোগ দেওয়া হয়। ১টি স্বসহায়ক দলকে ৬ লক্ষ টাকার ঋণের চেক তুলে দেওয়া হয়। শিবিরে স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ১৫০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। শিবিরে তেলিয়ামুড়া মহকুমা শাসক কার্যালয়ের পক্ষ থেকে ৩০০টি বিভিন্ন ধরনের শংসাপত্রের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। এদিনের শিবির উপলক্ষে বিভিন্ন দপ্তর থেকে ২০টি প্রদর্শনী স্টল খোলা হয়।
